



চীনের উত্তর-পশ্চিমাঞ্চলে ৬.৩ মাত্রার ভূমিকম্প অনুভূত



ছবি: সংগৃহীত

উত্তর-পশ্চিম চীনের ছিংহাই প্রদেশে ৬.৩ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে একজন নিহত এবং চারজন আহত হয়েছেন। স্থানীয় কর্তৃপক্ষের বরাতে রাষ্ট্রীয় সংবাদমাধ্যম সিনহুয়া এ তথ্য জানিয়েছে।

মঙ্গলবার (১৬ জুন) স্থানীয় সময় বিকেল ৫টা ০৬ মিনিটে হাইসি মঙ্গোলিয়ান ও তিব্বতি স্বায়ত্তশাসিত অঞ্চলের দাচাইদান এলাকায় ভূমিকম্পটি অনুভূত হয়।

ভূমিকম্পের পর দ্রুত উদ্ধার অভিযান শুরু করা হয়। স্থানীয় প্রশাসনের তথ্য অনুযায়ী, সন্ধ্যা ৬টা ৪০ মিনিটের মধ্যে আশপাশের কয়লা খনিগুলো থেকে শ্রমিকদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়। তবে ক্ষয়ক্ষতির পূর্ণ চিত্র এখনও পাওয়া যায়নি।

চীন ভূমিকম্প নেটওয়ার্ক কেন্দ্র জানায়, ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ভূপৃষ্ঠ থেকে ১০ কিলোমিটার গভীরে। এর অবস্থান নির্ধারণ করা হয়েছে ৩৭.৮০ ডিগ্রি উত্তর অক্ষাংশ এবং ৯৫.৫৬ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশে।

ভূমিকম্পের পর চীন ভূমিকম্প প্রশাসন দ্রুত লেভেল-থ্রি জরুরি প্রতিক্রিয়া ব্যবস্থা চালু করে। সংস্থাটির প্রধান ওয়াং কুন উদ্ধার ও ত্রাণ কার্যক্রম জোরদার করার নির্দেশ দেন এবং সংশ্লিষ্ট দপ্তরগুলোর সঙ্গে সমন্বয় করেন।

এদিকে স্থানীয় পর্যায়ে বিশেষ উদ্ধার দল ঘটনাস্থলে পৌঁছে কাজ শুরু করেছে। কর্তৃপক্ষ আফটারশক পরিস্থিতি পর্যবেক্ষণ ও বিশ্লেষণ অব্যাহত রেখেছে বলে জানানো হয়েছে।